

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০২

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.১০৩.১৬. ১১১৪

তারিখ: ২৫/০৯/২০১৭ খ্রিঃ।

বিষয়: রিক্রুটিং এজেন্সী জেমস ট্রেড ইন্টারন্যাশনাল (আরএল-৬২৮) এর অনুকূলে সৌদি আরবের Saraya Twaik Contracting Est এর অধীনে Window cleaner female পদে ৩০ (ত্রিশ) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী জেমস ট্রেড ইন্টারন্যাশনাল (আরএল-৬২৮)-এর আবেদনের পরিপ্রেক্ষিতে সৌদি আরবের নিয়োগকর্তা Saraya Twaik Contracting Est - এর অধীনে Window cleaner female পদে ৩০ (ত্রিশ) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Saraya Twaik Contracting Est	Window cleaner female	৩০ (ত্রিশ) জন	১০০০ সৌদি রিয়াল	বাসস্থান, আহার, যাতায়াত এবং চিকিৎসা ফ্রি; চুক্তির মেয়াদ-০২ বছর কর্মঘন্টা-০৮ ঘন্টা; বিমান ভাড়া-উভয় পথ ফ্রি ; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সঙ্গে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সী এ মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সঙ্গে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- দক্ষতা ভিত্তিক ট্রেডে কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি সতর্কভাবে পরীক্ষা করবে।
- ১ জুলাই, ২০১৭ খ্রিঃ থেকে ডাটাবেইজ কার্যকর হওয়ায় মহাপরিচালক, বিএমইটি ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি নিশ্চিত করবে।

স্বাঃ

(মোঃ সামছুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৫৫১৩৮৬৬৩

ইমেইলঃ sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক


জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.১০৩.১৬. ১১৩৪/১

তারিখ: ২৫/০৯/২০১৭ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সিলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/কনস্যুলেট জেনারেল, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৫. সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬. ব্যবস্থাপনা অংশীদার, জেমস ট্রেড ইন্টারন্যাশনাল, ৩/৪-এ পুরানা পল্টন, সাকিবর টাওয়ার (৩য় তলা), ঢাকা-১০০০।
৭. অফিস কপি।


(মোঃ সামিউল হোসাইন)
সিনিয়র সহকারী সচিব